

জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনলাইনে ভর্তি নিয়ে শিক্ষার্থীদের দুর্ভোগ

ফরম পূরণ করতে পারছে না লাখো শিক্ষার্থী, সময় বাড়ানোর চিন্তা

■ নিজামুল হক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার ফরম পূরণের শেষ তারিখ ২৫ নভেম্বর। কিন্তু বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের বিভ্রান্তির কারণে শিক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করতে পারছেন না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারাও স্বীকার করেছেন তাদের কাছে অভিযোগ এসেছে এবং অনলাইনে সমস্যাও হচ্ছে। গত বছর প্রায় সাড়ে ৩ লাখ ৬৫ হাজার শিক্ষার্থী স্নাতক প্রথম বর্ষে ভর্তির জন্য অনলাইনে আবেদন করেছিলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোতে স্নাতক প্রথম বর্ষের আসন সংখ্যা প্রায় সোয়া দুই লাখ। আগামী ৭ ডিসেম্বর প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গতকাল বৃহস্পতিবারও ইন্টার-নেটের সার্ভিস নেয়া মোকামগুলোতে শিক্ষার্থীদের ছিল উপচে পড়া ভিড়। কেউ ফরম পূরণ করতে পারছেন না। ইন্টারনেট সুবিধা প্রদানকারী মোকামগুলো অনেক চেষ্টা করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের হোমপেজ বের করতে পারছেন না। অনেকে সারা রাত ধরে কম্পিউটারের সামনে বসে চেষ্টা করে ব্যর্থ হন। ইন্টারনেট সুবিধা প্রদানকারী ব্যবসায়ীরা অনেকে জোরে এসে মোকাম খুলেছেন। কিন্তু কোন লাভ হচ্ছে না।

রাজধানীর মিরপুরের এক শিক্ষার্থী জানান, সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত চেষ্টা করেও তিনি

অনলাইনে আবেদন ফরম পূরণ করতে পারেননি। একইভাবে...একাধিক শিক্ষার্থী একই অভিযোগ করেছেন। এছাড়া ফরম পূরণেও অভিযোগ এসেছে। ধানমন্ডির শিক্ষার্থী আমিনা সুলতানা জানান, তিনি স্থানীয় একটি সাইবার ক্যাফেতে গিয়েছিলেন অনলাইনে আবেদন ফরম পূরণের জন্য। ৪ ঘণ্টা চেষ্টা

শিক্ষার্থীরা অভিযোগ করেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অবহেলার কারণে প্রতিবছর অনলাইনে আবেদন করতে গিয়ে শিক্ষার্থীরা জোগাড়ির শিকার হন। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক দুর্বলতার জন্য শিক্ষার্থীরা কেন জোগাড়ির শিকার হবেন।

কেন এই বিভ্রান্তি এ বিষয়ে জানতে চাইলে জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতক পূর্ব স্কুল বিষয়ক জিন অধ্যাপক মোবাহেরা খানম বলেন, অনলাইনে ভর্তি আবেদন ফরম গ্রহণ, বাছাই এবং ফলাফল তৈরির কাজের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রযুক্তি নেই। এ কারণে আউট সোর্সিংয়ের মাধ্যমে এ কাজ করা হচ্ছে। আউট সোর্সিং-এর কাজ দেয়া হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগকে। তিনি জানান, অনলাইনের সমস্যার বিষয়ে আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্টিং বিভাগকে জানিয়েছি। সমস্যা দ্রুত সমাধানের উদ্যোগ নেয়া হচ্ছে। আউট সোর্সিং প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থী বাবদ ২১

টাকা ৮০ পরশা নেবে বলে তিনি জানান। আবেদন ফরম পূরণের সময় বৃষ্টি হবে কিনা জানতে চাইলে তিনি বলেন, অনলাইনে আবেদন নিয়ে অনেক সমস্যা হচ্ছে। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের তিসিতে জানানো হয়েছে। সময় বাড়ানোর বিষয় এখনো সিদ্ধান্ত হয়নি। আরো দুইদিন সময় আছে। এই সময়ের মধ্যে সমস্যার সমাধান না হলে কমিটি সময় বাড়ানোর সিদ্ধান্ত নিতে পারে।



▶ আসন সোয়া দুই লাখ

▶ গত বছর পরীক্ষার্থী ছিল তিন লাখ ৬৫ হাজার। এবার বাড়তে পারে

▶ ফরম পূরণের বাকি আছে তিন দিন

▶ পরীক্ষা হবে ৭ ডিসেম্বর

করে আবেদন ফরম পূরণ করতে পারেননি। ঋণাত্মক শিক্ষার্থী নিজামুল রহমান জানান, দুইদিন চেষ্টা করে অনলাইনে আবেদন ফরম পূরণ করেছি। দিনাত্মক থেকে এক শিক্ষার্থী টেলিফোনে জানান, কম্পিউটার মোকামের সামনে প্রচুর ভিড় লেগে আছে। এক শিক্ষার্থীর আবেদন ফরম পূরণ করতেই ঘণ্টার পর ঘণ্টা পরিচয়ে যাচ্ছে। শিক্ষার্থীরা আবেদন ফরম পূরণ না করেই বাড়ি ফিরে যাচ্ছেন।